

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০.৩২০

ব্যবস্থাপনা পরিচালক  
আসিয়ান ফুড এন্ড বেভারেজ  
ইউনিকর্প (লেভেল-৩), ৪০/২ নর্থ এভিনিউ  
গুলশান-২, ঢাকা-১২১২।  
ফোন-০১৮১৫-৫৪৭২৮৯।

QF-PRJ-06

**বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।**

সূত্রঃ (১) আবেদন নম্বর নং-৫৯৫ (দক্ষিণখান), এসই(পিএন্ডডি)-১৫৫৬, তারিখ-৩১/১০/২০১৯ খ্রিঃ।  
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯.১৭৩০, তারিখ-১৭/১২/২০১৯ খ্রিঃ।  
(৩) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০.৩০৪, তারিখ-১০/০৩/২০২০ খ্রিঃ।  
(৪) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০.৪০৬, তারিখ-২৫/০৩/২০২০ খ্রিঃ।

(৫) ১১/৫/২০২০ তারিখের পে-অর্ডার নং-৩৬০৯৫৮৪ (আল-আরামাআইবিএল), টাকা = ২১,০০০/-  
(৬) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০.৫৮৮, তারিখ- ১৬/০৭/২০২০।  
(৭) ১৯/০৭/২০২০ তারিখের পে-অর্ডার নং-২২১১৯৩৭ (আইবিবিএল), টাকা = ১০,৫০০/-


বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দাগ নং- ৩৮১৭-১৯ ও ৩৮০৭, বরগা, খিলক্ষেত, দক্ষিণখান, ঢাকা স্থাপনার জন্য ভূ-গর্ভস্থ লাইন নির্মাণ সম্পন্ন হওয়া পর্যন্ত সাময়িকভাবে ওভারহেড লাইন হতে ৭০০ (সাতশত) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে সেপ্টেম্বর-২০২০ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলােঃ-

**শর্তসমূহঃ**

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৫০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (দক্ষিণখান) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকোর 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়ন্ত্রাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৮। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৯। বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কোন কারণে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র শিষ্ণতা বিধান করে না।
- ১০। সংযোগ গ্রহণকালীন সময়ে সংশ্লিষ্ট ১১ কেভি ফিডার ও ৩৩ কেভি সোর্সের লোড সংকুলান সাপেক্ষে বর্ণিত পরিমাণ লোডের সংযোগ প্রদান করা হবে।
- ১১। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলেও কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility DESCO'র সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ১২। ভূ-গর্ভস্থ ক্যাবল এবং RMU এর মাধ্যমে অবকাঠামো নির্মাণের জন্য অবকাঠামো নির্মাণ ব্যয় বাবদ ১,৪২,৩১,৫৪০/- (এক কোটি বিয়াল্লিশ লক্ষ একত্রিশ হাজার পাঁচশত চল্লিশ) টাকা আপনার প্রতিশ্রুতি অনুযায়ী সেপ্টেম্বর-২০২০ খ্রিঃ এর মধ্যে ডেসকো বরাবর জমা প্রদান করতে হবে।
- ১৩। বরগা ৩৩/১১ কেভি উপকেন্দ্র চালু হওয়া এবং "মাদরাসা" ফিডারের লোড ট্রান্স পাওয়ার পর ৭০০ কিঃওঃ লোড ওভারহেড লাইন হতে সরবরাহ করা যাবে।
- ১৪। উক্ত ছাড়পত্র সেপ্টেম্বর-২০২০ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকোর সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

  
(প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

**অনুলিপি (সদয় অবগতির জন্য) :**

- ১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন, ইস্ট জোন-১।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ বিভাগ (দক্ষিণখান)।
- ৪। অফিস কপি।